সোনালী ব্যাংক পিএলসি.
SONALI BANK PLC.

GAZARIA BRANCH, MUNSHIGONJ
Mobile No:01714039777
Emaile:brgazaria@sonalibank.com.bd

**অর্থঋণ আদালত আইন, ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২ (৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।**

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা **"মেসার্স মামুন ষ্টোর"**, মালিক- মোঃ রফিকুল ইসলাম, পিতা-মৃত তরু বেপারী ওরফে তারাব আলী বেপারী, মাতা-মৃত কহেতুন নেছা, ব্যবসায়িক ঠিকানা-গ্রাম-উওর ফুলদী, মোকাম উওর ফুলদী ঘাটবাড়ী, ডাকঘর-গজারিয়া, উপজেলা-গজারিয়া, জেলা-মুন্সীগঞ্জ।

এই মর্মে সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩১-০৩-২০২১ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ১১,৯২,২৪১.০০ (এগারো লক্ষ বিরানব্বই হাজার দুইশত একচল্লিশ) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২ (৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে ঃ

**ঃ বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ**

**জেলা-মুন্সীগঞ্জ, উপজেলা-গজারিয়া, সাব-রেজিষ্ট্রার অফিস-গজারিয়া, মৌজা-উওর ফুলদী, জে.এল নং-৩৮, ৪১।**

| খতিয়ান নং | দাগ নং | রকম | পরিমাণ |
|---|---|---|---|
| এস.এ-১১৪,১০৩,৪৩ | ৮২/২৭৩,৮২/২৭৪,৮১,৬৬ | নাল ও বাড়ী | ৪৮.৫০ শতাংশ |
| আর.এস-৭৫,৮১,১০১ | ১৮৬,১৮৯,১২৯ | | |
| নামজারী-২৪১ ও ৩২৯ | ঐ | | |

চৌহদ্দি ঃ আর এস দাগ-১৮৬ উত্তরে ঃ সিদ্দিকুর রহমান, দক্ষিনে ঃ মাইনুদ্দিন, পুর্বে ঃ কানা উল্লাহ, পশ্চিমে ঃ খেদমত আলী
আর এস দাগ-১৮৯ উত্তরে ঃ আঃ আজিজ, দক্ষিনে ঃ রাশেদ আলী, পুর্বে ঃ লতিফ রাজ, পশ্চিমে ঃ আতাউর রহমান
আর এস দাগ- ১২৯ উত্তরে ঃ আহমদ বেপারী, দক্ষিনে ঃ আমির হোসেন, পুর্বে ঃ খাল, পশ্চিমে ঃ হদিস আলী

**ঃ শর্তসমূহ ঃ**

০১) আগামী ০১/০৭/২০২৫ ~~[illegible]~~ইং তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি. প্রিন্সিপাল অফিস, মুন্সীগঞ্জ এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ২.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| আর্নেষ্ট মানি/ জামানাতের পরিমান | | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের | ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত টাকার উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্বৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে, এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত ও বাজেয়াপ্ত করা হইবে।বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলাম অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি.
গজারিয়া শাখা, জেলা-মুন্সীগঞ্জ

Mohammad Masud Alam
Manager (SPO) (G-37206)
Sonali Bank PLC
Gazaria Branch, Munshiganj